GARHBETA COLLEGE LIBRARY
Estd.-1948

Total Pages : 3

B.A./3rd Sem/BNG/25(NEP)

# 2025

## 3rd Semester Examination (CCFUP : NEP)

## BENGALI

### Paper : MJ 4-T (Single Core Major)

[চৈতন্য জীবনী, মঙ্গলকাব্য ও অনুবাদ সাহিত্য পাঠ]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। 'চৈতন্যভাগবত' কাব্যটি কার লেখা? কাব্যটিতে মোট কয়টি ও কী কী খণ্ড রয়েছে? ১+১

২। শ্রীচৈতন্যদেব অন্য কী কী নামে পরিচিত ছিলেন? ২

৩। বৃন্দাবন দাসের জন্মস্থান কোথায় ছিল? তাঁর পিতা ও মাতার নাম লেখো। ১+১

৪। ফুল্লরার বারমাস্যায় ফুল্লরার নিজের দুঃখ বর্ণনার প্রকৃত কারণ কী? ২

৫। মধ্যযুগের কোন্ কবি 'কবিকঙ্কণ' উপাধি লাভ করেছিলেন? তিনি কার কাছ থেকে এই উপাধি পেয়েছিলেন? ১+১

P.T.O.

Estd.-1948 ... COLLEGE ...

৬। কৃত্তিবাস ওঝা কোন্ দিন কোথায় জন্মগ্রহণ করেছিলেন? তাঁর পিতা ও মাতার নাম লেখো। ১+১

৭। রাজা দশরথের পিতা, মাতা, জ্যেষ্ঠা ও কনিষ্ঠা পত্নীর নাম লেখো। ২

৮। 'দশরথ ঘরে জন্মিবেক চারিজন' — এই 'চারিজন' কারা? $\frac{১}{২}+\frac{১}{২}+\frac{১}{২}+\frac{১}{২}$

**বিভাগ - খ**

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। 'চৈতন্যভাগবত' কাব্যটি অবলম্বনে নিত্যানন্দ চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

১০। "গৃহস্থ হইয়া যদি আতিথ্য না করে।
পশুপক্ষী হইতেও অধম বলি তারে।।" — উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

১১। মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যটি অবলম্বনে মুরারী শীল চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

১২। "পিপীড়ার পাখা ওঠে মরিবার তরে।" — প্রবাদটি কার লেখা কোন্ কাব্যে ব্যবহৃত হয়েছে? কোন্ প্রসঙ্গে? ২+৩

১৩। কৃত্তিবাস ওঝার 'রামায়ণ' মহাকাব্যের অহল্যা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

১৪। কৃত্তিবাসী রামায়ণের আদিকাণ্ডে বর্ণিত রামের বাল্যলীলার তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫

## বিভাগ - গ

যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। বৃন্দাবন দাসের ‘চৈতন্যভাগবত’ কাব্যটি অবলম্বনে তাঁর সমকালীন সমাজজীবনের বিশদ পরিচয় দাও। ১০

১৬। মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যটির অন্তর্গত ফুল্লরা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

১৭। টাইপ চরিত্র হিসেবে ভাঁড়ু দত্ত কতটা সার্থক সৃষ্টি তা মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অবলম্বনে আলোচনা করো। ১০

১৮। কৃত্তিবাস ওঝার ‘রামায়ণ’ মহাকাব্যের আদিকাণ্ড অবলম্বনে প্রধান দু'টি নারী চরিত্র বিশ্লেষণ করো। ১০

১৯। কৃত্তিবাসী রামায়ণের ‘আদিকাণ্ড’-এ বাঙালি জীবনের যে ছায়াপাত ঘটেছে তার পরিচয় দাও। ১০

---